



বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল

২০৩, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী, বিজয়নগর, ঢাকা-১০০০, ফোনঃ ২২৩৩৮৪১৫৯

ই-মেইল: info@bnmc.gov.bd ওয়েবসাইট: www.bnmc.gov.bd

স্মারক নং-বিএনএমসি/২০২৩-৬৫৪

তারিখঃ ২৮ মে ২০২৩ খ্রিঃ

প্রেস বিজ্ঞপ্তি

নার্সিং ও মিডওয়াইফারি কোর্সের ২০২২-২৩ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষার ফলাফল

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাভুক্ত বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিলের অধীনে ২৬ মে ২০২৩ তারিখে ০৪ বছর মেয়াদি ব্যাচেলর অব সায়েন্স ইন নার্সিং (বিএসসি), ০৩ বছর মেয়াদি ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি এবং ০৩ বছর মেয়াদি ডিপ্লোমা ইন মিডওয়াইফারি কোর্সের ভর্তি পরীক্ষা দেশের ২০টি কেন্দ্রের ৬২ টি ভেন্যুতে একযোগে অনুষ্ঠিত হয়। তিনটি কোর্সে সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানে মোট ৩৪,৫৫৫ আসনের বিপরীতে ভর্তি পরীক্ষায় ১,১৭,১৮৬ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করে। উক্ত পরীক্ষার ফলাফল ২৭ মে ২০২৩ তারিখে প্রকাশ করা হয়।

ফলাফলের সার-সংক্ষেপ

ক্র.	কোর্সের নাম	মোট পরীক্ষার্থী	উপস্থিত	অনুপস্থিত	উত্তীর্ণ	শতকরা হার
১	বিএসসি ইন নার্সিং	৩২,০৩০	৩০,০৯০	১৯৪০	২৫,৩৬২	৮৪%
২	ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি	৬৮,৬৬৯	৬৪,৫৪১	৪১২৮	৪৩,১১৯	৬৭%
৩	ডিপ্লোমা ইন মিডওয়াইফারি	১৬,৪৮৭	১৫,৩৫৫	১১৩২	১২,০৭৪	৭৯%
	সর্বমোট	১,১৭,১৮৬	১,০৯,৯৮৬	৭২০০	৮০,৫৫৫	গড়=৭৩%

ভর্তি নীতিমালা অনুযায়ী জাতীয় মেধাতালিকা ও কোটা অনুযায়ী ভর্তি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে সরকারি নার্সিং ও মিডওয়াইফারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে (কোটা অনুযায়ী) ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের তালিকা প্রকাশ করা হয়েছে। অবশিষ্ট উত্তীর্ণ প্রার্থীদের মেধাক্রম ও কোটার ভিত্তিতে অপেক্ষমাণ তালিকা হিসেবে বিবেচনা করা হবে। কেবলমাত্র ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ কাউন্সিল অনুমোদিত প্রতিষ্ঠানে ভর্তি হতে পারবেন।

ভর্তির পরীক্ষার ফলাফল www.bnmc.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।



রাশিদা আক্তার

সদস্য সচিব, কেন্দ্রীয় ভর্তি কমিটি এবং

রেজিস্ট্রার (অঃ দাঃ)

বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল